ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
INVESTMENT CORPORATION OF BANGLADESH
৮, ডি আই টি এভিনিউ (১৪-২১ তলা), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স: ৯৫৬৩৪৫৫, ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX:9563455, FAX: 88-02-9563313, E-mail: icb@agni.com

## Secretaries Division

### Press Release

28 December, 2021

### INVESTMENT CORPORATION OF BANGLADESH (ICB) DECLARES 11% CASH DIVIDEND

The 45th Annual General Meeting (AGM) of the Investment Corporation of Bangladesh (ICB) was held on 28 December 2021 through Digital/Virtual Platform. The meeting was presided over by Prof. Dr. Md. Kismatul Ahsan, Chairman, Board of Directors of the Corporation. Mr. Md. Abul Hossain, Managing Director of ICB, and other Directors of ICB attended the meeting. A large number of shareholders also attended the meeting virtually.

The Shareholders were informed about the various aspects of the Annual Report and Audited Accounts of ICB and its subsidiary companies for the year 2020-2021. They expressed their extreme satisfaction with the performance of ICB and its pivotal role during the critical period of the capital market.

During FY 2020-2021, ICB earned solo and consolidated (with subsidiaries) net profit of Tk 95.27 crore and Tk. 115.33 crore respectively. The shareholders approved the annual accounts and the cash dividend of 11%, as recommended by the board of directors of the corporation for the year 2020-2021. The corporation also declared 5% cash and 5% stock dividend in the fiscal year 2019-2020. The Corporation also declared a dividend for its Unit Fund @ of Tk 42.00 per Unit which is highest in the mutual fund industry in Bangladesh for the year under review.

During the period under review, the Corporation made cumulative investment of Tk. 14039.46 crore in the capital market. The Corporation also acted as Trustee of one mutual fund of Tk. 100.00 crore during 2020-2021. The Corporation recovered an amount of Tk. 1156.42 crore on account of dividend, margin loans, project loans and other loans/advances. During the period, the total transaction of ICB and its subsidiary companies in both the bourses was Tk. 20744.56 crore which is 115.17 percent more than that of Tk.9664.45 crore conducted in the previous year.

The shareholders appreciated the pivotal role played by the Corporation to regain confidence of the investors during the share market debacle and maintaining stability in the market. They also noted with satisfaction the significant achievement and growth of business of the Corporation. They appreciated the important role played by ICB in maintaining depth, stability, reliability, and liquidity of the stock market as well as in maintaining a buoyant and effective capital market in the country. They however, stressed the need to maintain the tempo of reforms and present trend of improvement and proposed valuable suggestions on various aspects of the Corporation's activities.

The Chairman of the Board of Directors and the Managing Director of ICB acknowledged with gratitude the co-operation and support received from the valued shareholders, Ministry of Finance, Bangladesh Bank, Bangladesh Securities and Exchange Commission, Stock Exchanges, Central Depository Bangladesh Limited and other stakeholders. The meeting also put in the record the outstanding services rendered by the employees of the Corporation for its development as a prime institution in the country.

(Ruksana Yasmin)
Board Secretary/ Deputy General Manager
Board of Directors

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
INVESTMENT CORPORATION OF BANGLADESH
৮, ডি আই টি এভিনিউ (১৪-২১ তলা), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স: ৯৫৬৩৪৫৫, ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX:9563455, FAX: 88-02-9563313, E-mail: icb@agni.com

**সেক্রেটারীজ ডিভিশন**
**সংবাদ বিজ্ঞপ্তি**

**তারিখ: ২৮ ডিসেম্বর,২০২১**

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১১% নগদ লভ্যাংশ ঘোষণা করেছে

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ৪৫তম বার্ষিক সাধারণ সভা ২৮ ডিসেম্বর, ২০২১ তারিখ, মঙ্গলবার, সকাল ১০:৩০ ঘটিকায় ডিজিটাল/ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ কিসমাতুল আহসান এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবুল হোসেন এবং অন্যান্য পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার ভার্চুয়ালী যুক্ত ছিলেন।

বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষিত হিসাব সম্পর্কে বিস্তারিত অবহিত হয়েছেন। কর্পোরেশনের অব্যাহত উন্নতির জন্য তাঁরা গভীর সন্তোষ প্রকাশ করেন।

২০২০-২০২১ অর্থবছরে আইসিবি এককভাবে এবং সাবসিডিয়ারিসহ সম্মিলিতভাবে যথাক্রমে ৯৫.২৭ কোটি টাকা এবং ১১৫.৩৩ কোটি টাকা নিট মুনাফা অর্জন করেছে। শেয়ারহোল্ডারগণ ২০২০-২০২১ অর্থবছরের জন্য ১১% নগদ লভ্যাংশ অনুমোদন করেন। উল্লেখ্য, ২০১৯-২০২০ অর্থবছরে ৫% নগদ ও ৫% স্টক লভ্যাংশ ঘোষণা করা হয়েছিলো। ইতোপূর্বে ২০২০-২০২১ অর্থবছরের জন্য কর্পোরেশনের ব্যবস্থাপনায় পরিচালিত আইসিবি ইউনিট ফান্ড হতে সার্টিফিকেট প্রতি ৪২.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে যা যেকোনো মিউচ্যুয়াল ফান্ডের তুলনায় সর্বোচ্চ।

২০২০-২০২১ অর্থবছরে কর্পোরেশন পুঁজিবাজারে এ পর্যন্ত সর্বমোট ১৪০৩৯.৪৬ কোটি টাকা বিনিয়োগ করেছে। এছাড়া আলোচ্য অর্থবছরে কর্পোরেশন ১০০.০০ কোটি টাকার ১টি মিউচ্যুয়াল ফান্ড ইস্যুর ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন করেছে। ২০২০-২০২১ অর্থবছরে কর্পোরেশন লভ্যাংশ, মার্জিন ঋণ, প্রকল্প ঋণসহ অন্যান্য ঋণ/অগ্রিম খাতে সর্বমোট ১১৫৬.৪২ কোটি টাকা আদায় করেছে। আলোচ্য অর্থবছরে উভয় স্টক এক্সচেঞ্জ-এ আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের বিভিন্ন পোর্টফোলিওতে মোট লেনদেনের পরিমাণ ছিল ২০৭৪৪.৫৬ কোটি টাকা যা পূর্ববর্তী বছর ৯৬৬৪.৪৫ কোটি টাকার তুলনায় ১১৫.১৭ শতাংশ বেশি।

শেয়ারবাজার বিপর্যয় পরবর্তী বিনিয়োগকারীদের আস্থা ফিরিয়ে আনা এবং বাজারের স্থিতিশীলতা বজায় রাখতে আইসিবি'র ভূমিকা শেয়ারহোল্ডারগণ কর্তৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়। শেয়ারবাজারের গভীরতা, স্থিতিশীলতা, নির্ভরযোগ্যতা এবং তারল্য বজায় রাখার পাশাপাশি একটি সুদৃঢ় ও টেকসই পুঁজিবাজার গঠনে আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহ অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভায় আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিরলস প্রচেষ্টা এবং উদ্যোগের জন্য ভূয়সী প্রশংসা করা হয় এবং ভবিষ্যতেও পুঁজিবাজারে আইসিবি'র ভূমিকা ও অবস্থান সুদৃঢ় থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

আইসিবি'র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ও আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক পুঁজিবাজারে আইসিবিকে অব্যাহত সমর্থন ও সহযোগিতার জন্য শেয়ারহোল্ডার, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বিএসইসি, স্টক এক্সচেঞ্জসমূহ এবং সিডিবিএল সহ সকল স্টেকহোল্ডারগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

**(রুখসানা ইয়াসমিন)**
বোর্ড সচিব/উপ-মহাব্যবস্থাপক
পরিচালনা বোর্ড